দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 27 DEC 2002
পৃঃ ৭ ... ৪

# রাজশাহীতে শিক্ষক কল্যাণ ট্রাস্টের সাহায্যের উদ্যোগ

রাজশাহী অফিস ॥ বাংলাদেশ শিক্ষক সমিতি 'রাজশাহী জেলা শাখার দড়িখড়বোনাস্থ কার্যালয়ে জেলা সমিতি কর্তৃক পরিচালিত শিক্ষক কল্যাণ ট্রাস্টের প্রথম সভা সম্প্রতি অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান জহির উদ্দিন আহমেদ। সভায় ট্রাষ্টি বোর্ডের সদগ্য সচিব আবদুল বারি বোর্ডের অন্যান্য সদস্যের পরিচয় করিয়ে দেন। সভার বিভিন্নউপজেলার দাখিলকৃত আবেদন পত্র পরীক্ষা নীরিক্ষা শেষে অনুমোদন দেয়া হয় এবং অবসরপ্রাপ্ত ও মৃত ব্যক্তিদের পরিবার পরিজনের মধ্যে এক লাখ ৩৪ হাজার ৫০০ টাকা প্রদানের জন্য জানুয়ারী মাসের

(১৪শ পৃঃ দ্রঃ)

## রাজশাহীতে শিক্ষক

(৭ম পৃঃ পর)

সাধারণ সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বোর্ডের অপর এক প্রস্তাবে ট্রাষ্টের তহবিলকে আরো সমৃদ্ধ ও শিক্ষক কল্যাণে কাজ করার জন্য সমিতি বহির্ভূত বেসরকারী মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানকে অত্র সমিতিতে উদাত্ত আহ্বান জানানো হয়।